

সংক্ষিপ্ত

এনএসইউয়ের উপাচার্য পদে পুনর্নিয়োগ পেলেন আতিকুল ইসলাম

নিজস্ব প্রতিবেদক ▷



আতিকুল ইসলাম

নর্থ সাউথ
বিশ্ববিদ্যালয়ে
(এনএসইউ)
উপাচার্য পদে
পুনরায় নিয়োগ
পেয়েছেন
অধ্যাপক
আতিকুল
ইসলাম।

গত ৩ মার্চ

শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে নিয়োগের এই আদেশ জারি করা হয়। এই মেয়াদে তিনি ২০২৮ সালের ২২ ফেব্রুয়ারি পর্যন্ত উপাচার্যের দায়িত্ব পালন করবেন। অধ্যাপক আতিকুল ইসলাম টানা তৃতীয়বারের মতো নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন। এর আগে ২০১৬ সালে তিনি প্রথমবার উপাচার্য হিসেবে নিযুক্ত হন। দ্বিতীয় ধাপে ২০২০ সালে একই পদে তিনি পুনরায় নিয়োগ লাভ করেন। উপাচার্য আতিকুল ইসলাম নিয়োগ প্রদানের জন্য রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যানকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, ‘মহামান্য রাষ্ট্রপতি আমাকে বিশ্ববিদ্যালয় পরিচালনার যে দায়িত্ব দিয়েছেন, আমি আশা করি এই দায়িত্ব আমি সঠিকভাবে পালন করতে পারব।’

